

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

ঢাকা দক্ষিণ নগর ভবন ১৪তলা, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
ওয়েব সাইট: www.dtca.gov.bd

২০২১-২০২২ অর্থবছরের ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এর জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটির ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২১) ১ম সভার কার্যবিবরণী:

সভাপতি : খন্দকার রাকিবুর রহমান, নির্বাহী পরিচালক, ডিটিসিএ
তারিখ : ০৭ অক্টোবর ২০২১ খ্রি.
সময় : সকাল ১০:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
উপস্থিতি তালিকা : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ডিটিসিএ জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে আলোচ্য বিষয়াদি তথা ২য় প্রান্তিকের কর্মসূচির অগ্রগতি সভায় উপস্থাপন করেন। শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর/২০২১) লক্ষ্যমাত্রার উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন (ক) নৈতিকতা, সুশাসন ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ (খ) নথি ব্যবস্থাপনা (সচিবায়ন নির্দেশমালা-২০১৪) (গ) সরকারি কর্মচারী আইন-২০১৮ (ঘ) সভা পরিচালনা, কার্যবিবরণী প্রস্তুত, প্রতিবেদন প্রস্তুত ইত্যাদি (ঙ) প্রকল্প পরিচালনা ও বাস্তবায়ন বিষয়ক	নভেম্বর ২০২১ মাসের মধ্যে ১ (এক) টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে;	ট্রেনিং এডভাইজার
২।	২.২ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	গত ৫ অক্টোবর ২০২১ তারিখে PIC সভা অনুষ্ঠিত হয়েছে। রোড সেফটি ম্যানেজমেন্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং শীর্ষক প্রকল্প এর সমাপ্তিতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হওয়ায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত ০১ টি PSC সভা কর্মপরিকল্পনা হতে বাদ দেয়া হলো;	শুদ্ধাচার ফোকাল/বিকল্প ফোকাল পয়েন্ট
৩।	২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন	জনাব তরুন দত্ত, সহকারী ট্রান্সপোর্ট প্লানার বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন শুদ্ধাচার কর্মপরিকল্পনার সাথে সমন্বয় করে প্রতিবেদন প্রদান করবেন;	সহকারী ট্রান্সপোর্ট প্লানার
৪।	৩.২ মেট্রোরেল শুদ্ধাচার পরিবীক্ষণ	১৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে মেট্রোরেল শুদ্ধাচার পরিবীক্ষণ সম্পন্ন করত: প্রতিবেদন প্রদান করবেন;	অতি: নির্বাহী পরিচালক (এমটি)
৫।	৩.৩ বিআরটি-তে শুদ্ধাচার পরিবীক্ষণ	১৫ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে বিআরটি লাইন ৩ এ শুদ্ধাচার পরিবীক্ষণ করত: প্রতিবেদন প্রদান করবেন;	অতি: নির্বাহী পরিচালক (এমটি)
৬।	৩.৪ ডিটিসিএ- এর ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ	৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে ক্রয় কার্যক্রম পরিবীক্ষণ করত: প্রতিবেদন প্রদান করবেন;	অতি: নির্বাহী পরিচালক (টিএমপিটিআই)
৭।	৩.৫ নগর পরিবহনে (বাসে) শুদ্ধাচার চর্চা পরিবীক্ষণ	৩০ নভেম্বর ২০২১ তারিখের মধ্যে নগর পরিবহনে (বাসে) শুদ্ধাচার চর্চা পরিবীক্ষণ সম্পন্ন করতে হবে;	ট্রাফিক এনফোর্স: অফিসার

অতপর: সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


খন্দকার রাকিবুর রহমান
নির্বাহী পরিচালক
ফোন: ৯৫৬২৬৮৬

বিতরণ: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/ টিএমপিটিআই), ডিটিসিএ
- ২। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ
- ৩। ট্রেনিং এডভাইজার, ডিটিসিএ
- ৪। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ
- ৫। ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ
- ৬। ম্যাস ট্রানজিট প্লানার, ডিটিসিএ
- ৭। ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ
- ৮। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার, ডিটিসিএ
- ৯। উপ-পরিচালক (প্রশাসন), ডিটিসিএ
- ১০। আরবান প্লানার, ডিটিসিএ
- ১১। হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ
- ১২। পলিউশন কন্ট্রোল প্লানিং অফিসার, ডিটিসিএ
- ১৩। প্রকল্প পরিচালক (সকল), ডিটিসিএ
- ১৪। প্রোগামার, ডিটিসিএ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। সহকারী ট্রান্সপোর্ট প্লানার, ডিটিসিএ
- ১৬। সকল কর্মকর্তা, ডিটিসিএ
- ১৭। অফিস/মাস্টার কপি।